

অপারের কাণ্ডার নবীজী আমার
সাধন ভজন বৃথা গেল আমার নবী না চিনে।

আওলে^১ আখেরে^২ বাতনে^৩ জাহেরে^৪
কোন সময় নবী আমার কোন রূপ ধরে? ॥

আসমান জমিন জলাদি পাবন
সবই হল নবীর নুরেতে সৃজন
তখন কোথায় ছিল সেই নূর নবীজীর আসন?
নবী পুরুষ না প্রকৃতি আকার কখনে? ॥

আল্লা নবী দুটি অবতার
গাছ বীজ অঙ্কুর দেখিয়ে প্রচার
সুবুদ্ধিতে তার কর গো বিচার
গাছ বড় না সেই ফলটি বড় ॥

আত্ম-তত্ত্বের ফাজেল যে জনা
সেই তো বুঝে নবীর নিগুঢ় কারখানা
আবার রাসুল রূপে আমার প্রকাশ রহানা
দরবেশ লালন বলে আমার সিরাজ সাঁইয়ের গুণে ॥

^১শুরুতে ^২শেষে ^৩গোপনে ^৪প্রকাশ্যে